



## নিরাপত্তা শাখা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪৩৪৯।

স্মারক নং : চুয়েট/নিরা:/চিঠি-০১/২৮০ এর প্রতিস্থাপন

তারিখ : ১০/০৫/২০২৩ খ্রি:

### ঃ বিজ্ঞপ্তি ঃ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) এর সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও ছাত্র/ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এলাকায় “গাড়ী ড্রাইভিং প্রশিক্ষণের” ব্যাপারের উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কিছু বিধি নিষেধ আরোপ করেছেন যাহা ১লা আগষ্ট ২০১৬ খ্রি: তারিখ হতে কার্যকর রয়েছে। উক্ত বিধি নিষেধ গুলো বাস্তবায়নের জন্য সকলের সার্বিক সহযোগীতা কামনা করছি। সকলের জ্ঞাতার্থে বিধি নিষেধ গুলো নিম্নে উল্লেখ করা হলো ঃ

০১. ভোর ৫.৩০ ঘটিকায় হতে সকাল ৭.৩০ ঘটিকা পর্যন্ত এবং রাত ৯.০০ ঘটিকার পর হতে ক্যাম্পাস এলাকায় ড্রাইভিং প্রশিক্ষণ নেওয়া যাবে।
০২. অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বা তাদের পোষ্যগণ ড্রাইভিং প্রশিক্ষণ শুরু করার পূর্বে রেজিস্ট্রার মহোদয়ের লিখিত অনুমতি নিতে হবে।
০৩. অত্র বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রীবৃন্দ ড্রাইভিং প্রশিক্ষণ শুরু করার পূর্বে ছাত্রকল্যান পরিচালকের লিখিত অনুমতি নিতে হবে।
০৪. ড্রাইভিং প্রশিক্ষণকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের জান-মালের কোন প্রকার ক্ষতি সাধিত হলে “শিক্ষানবীশ” শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী ও তাদের পোষ্যগণ এবং ছাত্র/ছাত্রীবৃন্দ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন বলে আবেদনপত্রে উল্লেখ করতে হবে।
০৫. “প্রশিক্ষণ কার” মার্কিং (২৭"× ০৯" সাইজের সামনে ও পিছনে) ও দক্ষ চালক ব্যতীত গাড়ী ড্রাইভিং প্রশিক্ষণ নেওয়া যাবে না।
০৬. খেলার মাঠ সমূহে কোন অবস্থায় ড্রাইভিং প্রশিক্ষণ নেওয়া যাবে না।
০৭. “প্রশিক্ষণ ড্রাইভারের” হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

### বিষয়টি অতীব জরুরী

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-

(অধ্যাপক ড. আশুতোষ সাহা)

নিরাপত্তা উপদেষ্টা

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

তারিখ : ১০/০৫/২০২৩ খ্রি:

স্মারক নং : চুয়েট/নিরা:/চিঠি-০১/২৮০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (সিনিয়রিটি অনুযায়ী নয়) ঃ

০১. রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব), চুয়েট।
০২. সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/অফিস প্রধান (ইহা সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবগত করার অনুরোধ সহকারে), চুয়েট।
০৩. পরিচালক, ছাত্রকল্যাণ (ইহা হল প্রভোস্টদের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধ সহকারে), চুয়েট।
০৪. পরিচালক, আইআইসিটি (উক্ত বিজ্ঞপ্তিটি অত্র বিশ্ববিদ্যালয়ের Website-এ প্রকাশের অনুরোধ সহকারে), চুয়েট।
০৫. সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), ভিসি মহোদয়ের অবগতির জন্য, চুয়েট।
০৬. সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আনিসুজ্জামান খান)

সহকারী পরিচালক (নিরাপত্তা)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

